গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উদ্‌যাপনের লক্ষ্যে বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খলিল আহমদ |
| | : | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২২ ফেব্রুয়ারি ২০২৪ দুপুর ২.৩০টা |
| সভার স্থান | : | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| | : | (ভবন নং-৬, ১১তলা, বাংলাদেশ সচিবালয়,ঢাকা) |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৪ উদ্‌যাপনের জন্য গত ০৫ ডিসেম্বর ২০২৩ তারিখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সাবেক মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য বিভিন্ন কর্মসূচি নির্ধারণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (অনুষ্ঠান) সভায় কার্যপত্র উপস্থাপন করেন। কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/বিভাগ |
|---|---|---|
| ২.১ | 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ তারিখ প্রভাতে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, সকল মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা মেট্রোপলিটন পুলিশ এবং বঙ্গবন্ধু শেখ মুজিব স্মৃতি জাদুঘর। |
| ২.২ | 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠান আয়োজন করা হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী অনুষ্ঠানে উপস্থিত থাকার বিষয়ে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী-কে উপস্থিত থাকার আমন্ত্রণ জানানো হবে।<br>• বাংলাদেশ শিল্পকলা একাডেমির পরিবেশনায় অনুষ্ঠানে সাংস্কৃতিক পর্ব থাকবে;<br>• অনুষ্ঠান প্রাঙ্গনে বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে চিত্র প্রদর্শনী এবং বঙ্গবন্ধুকে নিয়ে লেখা বিভিন্ন পুস্তক প্রদর্শনীর আয়োজন করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়,মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, বাংলা একাডেমি, বাংলাদেশ জাতীয় জাদুঘর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতার। |
| ২.৩ | সকল সরকারি ও বেসরকারি টেলিভিশন, রেডিও চ্যানেল এবং কমিউনিটি রেডিওসমূহ কর্তৃক 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠানমালা প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, তথ্য অধিদপ্তর, বিটিভি, বাংলাদেশ বেতার, সকল বেসরকারি টেলিভিশন চ্যানেল, বেতার এবং কমিউনিটি রেডিও। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/বিভাগ |
|---|---|---|
| ২.৪ | 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উপলক্ষ্যে জাতীয় দৈনিক পত্রিকা ও সাময়িকীতে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করা হবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ২.৫ | ক) যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের জন্য স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদ্‌যাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) বেসরকারি বিশ্ববিদ্যালয়, ইংলিশ মিডিয়াম স্কুল ও মাদ্রাসাসমূহও যাতে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপন করে সে বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। | মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং অন্যান্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা। |
| ২.৬ | জাতীয় অনুষ্ঠানের সাথে সংগতি রেখে সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা প্রশাসন, জেলা পরিষদ, উপজেলা প্রশাসন ও ইউনিয়ন পরিষদসমূহে যথাযোগ্য মর্যাদায় 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উদ্‌যাপন করা হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, কমিশনার (সকল বিভাগ), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল এবং মুক্তিযুদ্ধ জাদুঘর। |
| ২.৭ | 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে ঢাকা শহরের নিম্নোক্ত সড়ক দ্বীপসমূহ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সুবিধাজনক স্থানসমূহ ফেস্টুন দ্বারা সজ্জিত করা হবে:<br><br>• হোটেল সোনারগাঁও এবং হোটেল ইন্টারকন্টিনেন্টাল-এর সম্মুখস্থ সড়ক দ্বীপ;<br>• শিক্ষা ভবন থেকে পররাষ্ট্র মন্ত্রণালয় পর্যন্ত সড়ক দ্বীপসমূহ;<br>• সচিবালয়সহ জিপিও মোড় ও বায়তুল মোকাররম উত্তর গেইট;<br>• হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমান বন্দরের সড়ক দ্বীপসমূহ;<br>• প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মুখস্থ সড়ক দ্বীপ;<br>• শাপলা চত্বর, মতিঝিল;<br>• ছাত্র-শিক্ষক কেন্দ্র ও কার্জন হল সম্মুখস্থ সড়ক দ্বীপসমূহ;<br>• বাংলাদেশ জাতীয় জাদুঘর থেকে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সম্মুখের সড়ক দ্বীপসমূহ;<br>• রাসেল স্কয়ার, মিরপুর রোড এবং<br>• শাহবাগ থেকে এয়ারপোর্ট পর্যন্ত সকল ফ্লাইওভার এবং ফুট ওভার ব্রিজসমূহ। | স্থানীয় সরকার বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, গণপূর্ত বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/বিভাগ |
|---|---|---|
| ২.৮ | ঢাকাসহ সকল জেলা ও উপজেলায় জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমির মাধ্যমে 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে নিম্নোক্ত অনুষ্ঠানসমূহ আয়োজন করা হবে:<br>• শিশু-কিশোরসহ দেশের বিশিষ্ট আবৃত্তিকারগণের অংশগ্রহণে আবৃত্তি অনুষ্ঠান আয়োজন;<br>• বিশিষ্ট সংগীত শিল্পী, নৃত্যশিল্পীগণের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন;<br>• বঙ্গবন্ধুর কর্মময় জীবন নিয়ে নাটক মঞ্চায়ন;<br>• বঙ্গবন্ধুকে নিয়ে ডকুমেন্টারি প্রদর্শনী;<br>• চলচ্চিত্র প্রদর্শনী;<br>• আলোকচিত্র প্রদর্শনী;<br>• স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সকল জেলায় বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন (বঙ্গবন্ধুর ভাষণ, আবৃত্তি, চিত্রাঙ্কন, সংগীত ও নৃত্য);<br>• স্কুল পর্যায়ে অসমাপ্ত আত্মজীবনী বইয়ের উপর কুইজ, রচনা এবং উপস্থিত বক্তৃতার আয়োজন; এবং<br>• কলেজ পর্যায়ে 'কারাগারের রোজনামচা', 'আমার দেখা নয়া চীন' এবং Secret Documents of Intelligence Branch on Father of the Nation, Bangladesh Bangabandhu Sheikh Mujibur Rahman 1948–1971 Declassified Documents বইয়ের উপর কুইজ, রচনা এবং উপস্থিত বক্তৃতার আয়োজন করা হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ শিশু একাডেমি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল,<br>কমিশনার (সকল বিভাগ),<br>জেলা প্রশাসক (সকল জেলা),<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল),<br>বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং জেলা শিল্পকলা একাডেমি (সকল)। |
| ২.৯ | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি) 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উপলক্ষ্যে পোস্টার মুদ্রণ করবে। বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহ ও বাংলাদেশে অবস্থিত বৈদেশিক দূতাবাসসমূহে প্রচারের জন্য ইংরেজি ভাষায় মুদ্রণ করতে হবে। গণযোগাযোগ অধিদপ্তর এ সকল পোস্টার সংশ্লিষ্ট সকলের মাঝে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে। ০৭ মার্চ ২০২৪ তারিখের পূর্বে বিদেশে বাংলাদেশ মিশনসমূহে পোস্টার পৌঁছানোর লক্ষ্যে মুদ্রিত পোস্টার পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। ডিএফপি কর্তৃক মুদ্রিত পোস্টার যথাসময়ে জেলা প্রশাসকগণের নিকট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। পোস্টারের ডিজাইন করার ক্ষেত্রে ডিএফপি শিল্পকলা একাডেমির সহযোগিতা নিতে পারে। এছাড়াও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইলেকট্রনিক পোস্টার মুদ্রণ করা যেতে পারে। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি), গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং চলচ্চিত্র প্রকাশনা অধিদপ্তর। |
| ২.১০ | জাতীয় অনুষ্ঠানের সাথে সংগতি রেখে জেলা/উপজেলা পর্যায়ের যুব সমাজকে সম্পৃক্ত করে 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উদ্‌যাপন করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ২.১১ | 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে দেশব্যাপী শিশুদের নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতা, বঙ্গবন্ধুর ভাষণ প্রতিযোগিতা, ছড়া পাঠ, কবিতা পাঠ ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে। জেলা উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ অনুষ্ঠানসমূহ সমন্বয় করবেন। | মন্ত্রিপরিষদ বিভাগ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমি, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ২.১২ | ওসমানী স্মৃতি মিলনায়তন অনুষ্ঠানস্থলে এবং দেশব্যাপী আয়োজিতব্য অনুষ্ঠানস্থলে নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ করতে হবে। | জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ এবং র‍্যাব। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/বিভাগ |
|---|---|---|
| ২.১৩ | ওসমানী স্মৃতি মিলনায়তন অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত আলো এবং সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। বিকল্প ব্যবস্থা হিসেবে প্রয়োজনীয় সংখ্যক জেনারেটরের ব্যবস্থা রাখতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোঃ (ডিপিডিসি), পিডিবি, গণপূর্ত অধিদপ্তর এবং বিদ্যুৎ বিভাগ। |
| ২.১৪ | ওসমানী স্মৃতি মিলনায়তন এলাকায় ফায়ার সার্ভির্সের টিম প্রস্তুত রাখতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। |
| ২.১৫ | জরুরি চিকিৎসার প্রয়োজনে সার্বক্ষণিক চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে ওসমানী স্মৃতি মিলনায়তনে মেডিকেল টীম প্রস্তুত রাখতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, সিভিল সার্জন, ঢাকা। |
| ২.১৬ | ওসমানী স্মৃতি মিলনায়তন এলাকার আশে পাশে পরিস্কার পরিচ্ছন্নসহ ধূলাবালি রোধকল্পে সংশ্লিষ্ট এলাকায় পানি ছিটানোর ব্যবস্থা করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং ঢাকা ওয়াসা। |
| ২.১৭ | 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উদ্‌যাপনের জন্য জেলা ও উপজেলা পর্যায়ে মন্ত্রণালয় হতে অর্থ বরাদ্দ প্রদান করা হবে তবে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ নিজ নিজ বাজেট থেকে ব্যয় নির্বাহ করবে। | অর্থ বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট সংস্থা। |
| ২.১৮ | 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে স্মরণিকা প্রকাশ করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর, জাতীয় গ্রন্থকেন্দ্র এবং বাংলা একাডেমি। |
| ২.১৯ | 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে সরকারি বেসরকারি টেলিভিশন চ্যানেলে টকশো আয়োজন করতে হবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদফতর, বাংলাদেশ টেলিভিশন এবং অ্যাসোসিয়েশন অব টিভি চ্যানেল ওনার্স (এটকো)। |
| ২.২০ | ০১ মার্চ থেকে ০৭ মার্চ ২০২৪ পর্যন্ত সকল সরকারি/বেসরকারি রেডিও এবং টেলিভিশন চ্যানেলে ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রচার করতে হবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদফতর, বাংলাদেশ টেলিভিশন, অ্যাসোসিয়েশন অব টিভি চ্যানেল ওনার্স (এটকো), সরকারি/বেসরকারি রেডিও। |
| ২.২১ | ০১ মার্চ থেকে ০৭ মার্চ ২০২৪ পর্যন্ত ঐতিহাসিক ৭ই মার্চের বঙ্গবন্ধুর ভাষণের একটি নির্দিষ্ট অংশ দেশের সকল মোবাইল অপারেটর কর্তৃক গ্রাহকের ফোনে প্রি কল নোটিফিকেশন হিসেবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |

০৩. সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

স্মারক: ৪৩.০০.০০০০.১২৪.২৩.২০২.২৩. ৯৪৯ তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০ / ২৫ ফেব্রুয়ারি ২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতাভিত্তিক নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম ভূইয়া, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ);
২. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: নওরিদ শারমিন পরিচালক, পররাষ্ট্র মন্ত্রণালয়);
৩. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: ডা. ফারজানা আরজুমান্দ, যুগ্মসচিব প্রতিরক্ষা মন্ত্রণালয়);
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: নাঈমা হোসেন, যুগ্মসচিব জনপ্রশাসন মন্ত্রণালয়);
৫. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: জনাব হাবিবুল হাসান, সিনিয়র সহকারী সচিব, জননিরাপত্তা বিভাগ);
৬. সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: জনাব অরুন কুমার মন্ডল, যুগ্মসচিব বিদ্যুৎ বিভাগ);
৭. সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: মুহাম্মদ শরিফুল হক উপসচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়);
৮. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: জনাব শাহীনুর ইসলাম উপসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ);
১০. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: জনাব মোঃ আরিফুল ইসলাম উপসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়);
১১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: জনাব মোঃ সামছুল হক, স্থানীয় সরকার বিভাগ);
১২. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: জনাব মুহাম্মদ শহিদ উল্লাহ, উপসচিব, সুরক্ষা সেবা বিভাগ);
১৩. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; ড়
১৪. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: জনাব ফারহানা হক, উপসচিব প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়);
১৫. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৬. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: জনাব নাছরিন আক্তার, উপসচিব, অর্থ বিভাগ);
১৭. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: দীপক কুমার রায়, উপসচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়);
১৮. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় লিংক রোড, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: মোহাম্মদ আফরাজুর রহমান, উপসচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়);
১৯. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: জনাব মোঃ আখতারুজ্জামান, যুগ্মসচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ);
২০. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: ড. মোঃ আব্দুর রহিম, অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়);
২১. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
২২. পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা (জনাব মোঃ আবু ইউসুফ, ডিসি (অপারেশনস্), ঢাকা মেট্রোপলিটন পুলিশ);
২৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২৪. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা, এবং
আহ্বায়ক, 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ এর চিত্র প্রদর্শনী সংক্রান্ত উপকমিটি;
২৫. মহাপরিচালক, বাংলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা, এবং
আহ্বায়ক, 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ এর পুস্তক প্রদর্শনী সংক্রান্ত উপকমিটি;
২৬. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা, এবং
আহ্বায়ক, 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ এর আসন বিন্যাস সংক্রান্ত উপকমিটি;
২৭. অতিরিক্ত আইজিপি, স্পেশাল ব্রাঞ্চ, রাজারবাগ, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: শেখ জাহিদুল ইসলাম, পিপিএম, এসএসপি স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ);
২৮. জনাব মফিদুল হক, ট্রাস্টি, মুক্তিযুদ্ধ জাদুঘর, আগারগাঁও, ঢাকা;
২৯. প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ৩৯৩, নিউ ইস্কাটন, মগবাজার, ঢাকা;
৩০. যুগ্মসচিব (অনুষ্ঠান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩১. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: জনাব মোঃ আমিনুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা);

৩২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: জনাব মোহাম্মদ মামুন-উল-হাসান প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা);
৩৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: জনাব মুহাম্মদ শফিকুল ইসলাম আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-০১, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা);
৩৪. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: জনাব মোঃ সোহানুর রহমান উপ-বিভাগীয় প্রকৌশলী, রমনা গণপূর্ত উপ-বিভাগ-২, ঢাকা);
৩৫. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সংবাদ সংস্থা, পুরানা পল্টন, ঢাকা;
৩৬. অতিরিক্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, এবং আহ্বায়ক, 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ এর বিশেষ অনুষ্ঠান ও ক্রোড়পত্র প্রকাশ এবং প্রচার সংক্রান্ত উপকমিটি;
৩৭. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, এবং আহবায়ক, 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ এর আইন শৃঙ্খলা ও সার্বিক নিরাপত্তা উপকমিটি;
৩৮. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা, এবং আহবায়ক, 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ এর অভ্যর্থনা উপকমিটি;
৩৯. যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, এবং আহবায়ক 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ এর উপস্থাপক ও ধর্মগ্রন্থ পাঠকারীদের উপস্থিতি নিশ্চিতকরণ উপকমিটি;

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:</u>**

১. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
২. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার নোটিশ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৩. অফিস কপি।

২৫/২/২০২৪

(আইরীন ফারজানা)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৬৬৮
ই-মেইল: event.section@moca.gov.bd